



স্মারকনং-জাককানইবি/রেজি:/একাঃ/এমফিলওপিএইচডি/১০৭১/১৬/৬০৬৬

তারিখ: ২৭/০৭/২০২২ খ্রি:

## ২০২২-২৩ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে নিম্নবর্ণিত বিভাগসমূহে পূর্ণকালীন/খণ্ডকালীন গবেষক ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। পিএইচ.ডি. প্রোগ্রামে নিম্নলিখিত অনুষদের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির নিমিত্তে আবেদন করা যাবে।

অনুষদের নাম	বিভাগের নাম
কলা	(১) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ (২) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ (৩) সঙ্গীত বিভাগ
বিজ্ঞান ও প্রকৌশল	(১) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
ব্যবসায় প্রশাসন	(১) হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি (২) ফিন্যান্স এন্ড ব্যংকিং বিভাগ
সামাজিক বিজ্ঞান	(১) ফোকলোর বিভাগ
চারুকলা অনুষদ	(১) চারুকলা বিভাগ

২. আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

যে-কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল. ডিগ্রিধারী প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

ক. শিক্ষাগত যোগ্যতা :

ক্রমিক নং	অনুষদ/বিভাগ	স্নাতক পদ্ধতি		গ্রেড পদ্ধতি		মন্তব্য
		SSC, HSC, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর (স্নাতক পদ্ধতি)	SSC, HSC (গ্রেড পদ্ধতি)	স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর (গ্রেড পদ্ধতি)		
০১	কলা	৫০%	৩.৫০ (৫.০০)	৩.২৫ (৪.০০ স্কেলে)	শুধুমাত্র স্নাতক (পাশ) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের তিনটি প্রথম বিভাগ বা ৬০% নম্বর থাকতে হবে। কোনো পরীক্ষায় ৫০% এর কম গ্রহণযোগ্য হবে না।	
০২	বিজ্ঞান ও প্রকৌশল	৫৫%	৪.০০ (৫.০০)	৩.৫০ (৪.০০ স্কেলে)		
০৩	ব্যবসায় প্রশাসন	৫৫%	৪.০০ (৫.০০)	৩.৫০ (৪.০০ স্কেলে)		
০৪	সামাজিক বিজ্ঞান	৫৫%	৪.০০ (৫.০০)	একটিতে ৩.২৫ অন্যটিতে ৩.৫০ (৪.০০ স্কেলে)		
০৫	সঙ্গীত বিভাগ	৫০%	৩.৫০ (৫.০০)	৩.৫০ (৪.০০ স্কেলে)		
০৬	চারুকলা অনুষদ	৫০%	৩.৫০ (৫.০০)	৩.২৫ (৪.০০ স্কেলে)		

খ. যে-কোনো বিশ্ববিদ্যালয়/সরকারি বা এমপিওভুক্ত স্নাতক পর্যায়ে কলেজ/সরকারি গবেষণা প্রতিষ্ঠানে ২ বছরের গবেষণা/ শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে ৩টি গবেষণা প্রবন্ধ (অন্তত একটিতে প্রথম লেখক) থাকলে পিএইচ.ডি. প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবেন।

গ. এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত জার্নালে ৩টি গবেষণা প্রবন্ধ থাকলে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তবে “ক” এর শর্ত পূরণ না হলে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে ৩টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রিধারী আবেদনকারীকে এবং/অথবা এমপিওভুক্ত কলেজ বা গবেষণা প্রতিষ্ঠান থেকে অভিজ্ঞতা অর্জনকারীকে আবেদনের পূর্বে তাদের ডিগ্রি বা অভিজ্ঞতা এই বিশ্ববিদ্যালয়ের সমতা নিরূপণ কমিটির কাছ থেকে যাচাই করিয়ে নিতে হবে।

উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে সোনালী ব্যাংক লি., জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে পিএইচ.ডি আবেদন ফরম ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নগদ জমা দিয়ে সংগ্রহ করতে হবে। প্রাথমিক আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৩১/০৮/২০২২ ইং তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সকল পর্যায়ে পরীক্ষার সত্যায়িত মার্কশীট, সনদপত্রের অনুলিপি, দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও ২ সেট গবেষণা প্রস্তাবনা/সিনোপসিস A4 সাইজ অফসেট কাগজে কম্পিউটারে মুদ্রণ করে আবেদন পত্রের সঙ্গে জমা দিতে হবে। দেশের অন্য কোনো বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ.ডি ডিগ্রি অর্জনের লক্ষ্যে রেজিস্ট্রেশন করে থাকলে সে বিশ্ববিদ্যালয়ের ভর্তি বাতিলের প্রমাণপত্র এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ছাড়া অন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হলে মাইগ্রেশন সার্টিফিকেটের মূলকপি আবেদন পত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানের অনুমতিপত্রের ফটোকপি এবং ভর্তির সময় অবশ্যই স্ব স্ব নিয়োগ কর্তার চূড়ান্ত অনুমতি পত্র জমা দিতে হবে। চাকরিরত গবেষকদের অবশ্যই বর্তমান কর্মস্থলের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পূর্ণকালীন/খণ্ডকালীন প্রয়োজনীয় ছুটির অনুমতিপত্র জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য নিয়মাবলি এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এর কার্যালয় থেকে জানা যাবে। যাচাইকৃত কাগজপত্র বা গবেষণা প্রস্তাব ব্যতীত অথবা অন্য কোনো প্রকারের অসম্পূর্ণ দরখাস্ত বিবেচিত হবে না। একজন প্রার্থী কেবলমাত্র যে-কোনো একটি গবেষণা প্রোগ্রামে ভর্তির আবেদন করতে পারবেন। পিএইচ.ডি. ডিগ্রিধারী এবং পূর্বে ভর্তি ও রেজিস্ট্রিকৃত কিন্তু গবেষণা অসমাপ্ত রয়েছে এমন কেউ এই প্রোগ্রামে ভর্তির আবেদন করতে পারবেন না।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

(কৃষিবিদ স্ত. মোঃ হুমায়ুন কবীর)  
রেজিস্ট্রার  
জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।